

নং-৪৬.০০.৮৫০০.০৪২.১৪.১০১.১৭(১).২৪৪০


তারিখ: ২০ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ
০৬ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়: ২০১৭-২০১৮ অর্থ বছরে রংপুর জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় গৃহীত উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্র: রংপুর জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং-জেপৱং/২০১৭/৫৫১(২), তারিখ: ২৯/১১/২০১৭।

২০১৭-২০১৮ অর্থ বছরে রংপুর জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ৩৪,২৩,৫৪৮/- (চৌত্রিশ লক্ষ তেইশ হাজার পাঁচশত আটচল্লিশ) টাকায় গৃহীত ২টি প্রকল্পের মধ্যে ২০,২২,৬৬৬/- (বিশ লক্ষ বাইশ হাজার ছয়শত ছিষট্টি) টাকায় গৃহীত 'জেলা পরিষদ সুপার মার্কেটের ১ম তলার বর্ধিত (নির্মিত) ছাদে ফাঁকা জায়গায় চতুর্পাশে দেয়াল দিয়ে দোকান ঘর নির্মাণ' প্রকল্পটি বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো।

২। ১৪,০০,৮৮২/- (চৌদ্দ লক্ষ আটশত বিরাশি) টাকায় গৃহীত সদর ডাকবাংলোর সীমানার মধ্যে বাউন্ডারী ওয়ালের পার্শ্বে দোকান ঘর নির্মাণ করা হলে ডাকবাংলোর সৌন্দর্য ও পরিবেশ নষ্ট হবে কিনা তা যাচাইপূর্বক পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


(আনজুমান আরা)
উপসচিব

ফোন: ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, রংপুর।

অনুলিপি :

- ১। মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর (অনুমোদিত প্রকল্পটি সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।